গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক ১.৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত ৪র্থ সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: আবদুল ওয়াহাব ভূঞা<br>মহাপরিচালক (গ্রেড-১) |
| সভার তারিখ ও সময় | : | ২৮মে, ২০২৩ খ্রি:, বেলা ১১.০০ টা |
| সভার স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-৭) |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, গণমানুষের দোরগোড়ায় সরকারি সেবা পৌঁছে দেওয়ার বিষয়ে সরকার দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ। সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার চর্চা অন্যন্ত জরুরি। প্রাতিষ্ঠানিক সুদ্ধাচার প্রতিষ্ঠায় ব্যক্তিগত সুদ্ধাচারও জরুরি। এক্ষেত্রে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা করে প্রাপ্ত মতামত বিশ্লেষণের মাধ্যমে জাতীয় শুদ্ধাচার প্রতিষ্ঠার প্রত্যয় তিনি ব্যক্ত করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন।

০২। অত:পর সভায় গত ১৩ মার্চ, ২০২৩ তারিখ এ বিষয়ে অনুষ্ঠিত ৩য় সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নবর্ণিতভাবে উপস্থাপন করা হয় :

| ক্রম: | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৪.১ | নতুন কোন মাদকদ্রব্য জাতীয় ঔষধ উৎপাদনের পূর্বে স্ট্যাডি/প্রোডাক্ট ডেভেলমেন্ট করার লক্ষ্যে নমুনা হিসেবে আমদানী করার পূর্বে অধিদপ্তর হতে ইস্যুকৃত লাইসেন্সে আবশ্যিকভাবে মাদকদ্রব্য জাতীয় কাঁচামাল অন্তর্ভুক্ত করে নিতে হবে। | নির্দেশনা প্রতিপালন করা হচ্ছে। পাশাপাশি সিদ্ধান্ত বাস্তবায়নে বিভাগীয় অতিরিক্ত পরিচালকগণকে ০৭ মে, ২০২৩ তারিখ পত্র মারফত নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| ৪.২ | লাইসেন্সে অন্তর্ভুক্ত মাদকদ্রব্য জাতীয় কাঁচামাল এবং তার অনুকূলে বরাদ্দকৃত বার্ষিক কোটা অনুযায়ী প্রাপ্যতার মধ্যে থাকলে রেফারেন্স স্ট্যান্ডার্ড হিসেবে কাঁচামাল আমদানীর পূর্বানুমতি/ছাড়পত্র দুততার সাথে প্রদান করতে হবে। | |
| ৪.৩ | মাদকবিরোধী সচেতনতায় অধিদপ্তরের সোস্যাল মিডিয়ায়/ফেসবুক পেজে লক্ষ্যমাত্রা অনুযায়ী তথ্য আপলোড করতে হবে। | মাদকবিরোধী সচেতনতায় অধিদপ্তরের সোস্যাল মিডিয়ায়/ফেসবুক পেজে তথ্য আপলোডের লক্ষ্যমাত্রা ১০০টি। উক্ত লক্ষ্যমাত্রার বিপরীতে ১ম কোয়ার্টারে (জুলাই-সেপ্টেম্বর/২২) ৫০টি, ২য় কোয়ার্টারে (অক্টোবর-ডিসেম্বর/২২) ৩৪টি, ৩য় কোয়ার্টারে (জানুয়ারি-মার্চ/২৩) ৩১টি এবং ৪র্থ কোয়ার্টারে (এপ্রিল/২৩) ০৭টিসহ মোট ১২২টি তথ্য আপলোডকরা হয়েছে। |

০৩। সভাপতি গত ১৩ মার্চ, ২০২৩ তারিখে অনুষ্ঠিত ৩য় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়নের বিষয়ে উপস্থিত অংশীজনের কারো কোন মতামত থাকলে তা উপস্থাপন করার জন্য অনুরোধ জানান। উপস্থিত অংশীজন (Stakeholder) নিম্নবর্ণিত মতামত প্রদান করেন :

- ইনসেপ্টা ও রেনেটা ফার্মাসিউটিক্যালস্ এর প্রতিনিধিগণ বলেন, অর্থ বছর শেষে হালনাগাদ আয়কর রিটার্ন সার্টিফিকেটের কপি সংশ্লিষ্ট আয়কর কার্যালয় হতে পেতে প্রায়শ:ই বিলম্ব হয়। এ ক্ষেত্রে নবায়িত আয়কর রিটার্ন সার্টিফিকেটের কপি এর পরিবর্তে আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকার পত্র দিয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়টি বিবেচনার জন্য অধিদপ্তরকে অনুরোধ জানান। পরিচালক (অপারেশনস্) বলেন, এক্ষেত্রে টাইম এক্সটেনশন বা আন্ডার প্রসেস এর বিষয়টি বিবেচনায় নেয়া যায় কিনা-সেটি দেখা ভেবে দেখা যেতে পারে। এ বিষয়ে পরিচালক (প্রশাসন) বলেন, বিষয়টি নিয়ে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।

- সেফ হোম মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের পরিচালক বলেন, ঢাকা মেট্রোপলিটন এলাকার মধ্যে যে সকল মাদকাসক্তি নিরাময় কেন্দ্র রয়েছে সেগুলো যথাযথ মনিটরিং এর কারণে সঠিকভাবে পরিচালিত হচ্ছে। তবে মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের লাইসেন্স পেতে/নবায়ন করতে ট্রেড লাইসেন্সের বাধ্যবাধকতা আবাসিক এলাকার ক্ষেত্রে বিধিমালায় রয়েছে। তিনি ট্রেড লাইসেন্সের বাধ্যবাধকতার বিষয়টি সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এ বিষয়ে পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) বলেন, অধিদপ্তরের বিভাগীয় প্রধানগণের সমন্বয়ে অনুষ্ঠিত সমন্বয় সভায় বিষয়টি আলোচিত হয়েছে। বিভাগীয় প্রধানগণকে এ বিষয়ে সংশ্লিষ্ট বিধিমালার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

- হিলস্ মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের পরিচালক বলেন, ব্যবসা প্রতিষ্ঠান হলে ব্যবসা প্রতিষ্ঠানের নামে ব্যাংক একাউন্ট প্রয়োজন হয়, কিন্তু সেবাধর্মী প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠানের নামে ব্যাংক একাউন্ট এর প্রয়োজন নেই। সিটি কর্পোরেশন ১৪৩টি ক্যাটাগরির প্রতিষ্ঠানের ক্ষেত্রে ট্রেড লাইসেন্স ইস্যু করছে কিন্তু মাদকাসক্তি নিরাময়, চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রের নামে কোন ট্রেড লাইসেন্স ইস্যু করছে না। সরকারী অনুদানের চেক প্রাপ্তি নিয়ে সেক্ষেত্রে বিড়ম্বনায় পড়তে হয়। এ বিষয়ে পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) বলেন, আবাসিক এলাকায় নিরাময় কেন্দ্রের অনুকূলে ট্রেড লাইসেন্স ইস্যুর বিষয়ে ইতোপূর্বেও সুরক্ষা সেবা বিভাগের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগ এবং ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশনে পত্র প্রেরণ করা হয়েছে। তিনি আরো বলেন, যে কোন প্রতিষ্ঠানের আর্থিক স্বচ্ছতার বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যাংক একাউন্ট থাকাটা বাঞ্ছনীয়।

০৪। অত:পর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম: | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.১ | সাইকোট্রপিক সাবস্ট্যান্স আমদানি/রপ্তানি/পূর্বানুমতির অনুমতি প্রদানের লক্ষ্যে হালনাগাদ আয়কর রিটার্ন সার্টিফিকেটের কপি দাখিল করতে বিলম্ব হলে রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকার পত্র, টাইম এক্সটেনশন বা আন্ডার প্রসেস সার্টিফিকেট এর কোনটি প্রযোজ্য হবে-বিষয়টি নিয়ে সার্বিক পর্যালোচনান্তে পরিচালক (প্রশাসন) আগামী সভার পূর্বে মহাপরিচালক মহোদয় বরাবর সুপারিশ উপস্থাপন করবেন। | পরিচালক (প্রশাসন) |
| ৪.২ | অধিদপ্তরের ওয়েবসাইটের প্রতিটি সেবা বক্স নিয়মিত হালনাগাদ রাখতে হবে। | পরিচালক (প্রশাসন)/ সহকারী প্রোগ্রামার |

০৫। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/৬/২০২৩

(মো: আবদুল ওয়াহাব ভূঞা)
মহাপরিচালক (গ্রেড-১)।

নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৭.২১-১৮৯৬

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ, ১৪৩০ / ০৯ জুন, ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)।
২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,...........।
৭। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। সহকারী পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/অর্থ ও হিসাব/জনসংযোগ), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.................।

কার্যালয়/টেকনাফ বিশেষ জোন..................।

১০। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২। অফিস কপি।

০৭/০৬/২৩

(দীপজয় খীসা)
সহকারী পরিচালক (প্রশাসন)